

## আমি শিশু সহায়তা প্রদান করা বন্ধ করলে কী হবে?

মনে রাখবেন, শিশু সহায়তা আপনার সন্তানকে আর্থিক সহায়তা প্রদান করার উদ্দেশ্যে। আপনি প্রদান করা বন্ধ করলে, আপনার সন্তানের অসুবিধা হতে পারে। বকেয়া অর্থের কিছু অংশ বা সম্পূর্ণ প্রদান না করলে, শিশু সহায়তা এজেন্সি অর্থ আদায় করার জন্য আইনানুগ ব্যবস্থা নিতে পারে।

আদায় করার কিছু পদক্ষেপের মধ্যে আছে:

- আপনার ড্রাইভার লাইসেন্স বাতিল করে দেওয়া;
- আপনার ট্যাক্স রিফান্ড নিয়ে নেওয়া;
- আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট সীজ করা;
- আপনার পাসপোর্ট বাতিল করা; এবং
- আপনার লটারি জেতার পুরস্কার নিয়ে নেওয়া।

শিশু সহায়তা এজেন্সি ক্রেডিট রিপোর্ট এজেন্সিগুলিকেও আপনার দেবা সম্পর্কে জানাবে।

আপনার কাছে থেকে বকেয়া অর্থ আদায় করতে পারিবারিক আদালতও আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে পারে, যেমন:

- অর্থ আদায়ের বিভিন্ন আইনি ব্যবস্থা প্রয়োগ করা;
- স্টেট-কর্তৃক ইস্যুকৃত করা ব্যবসা, পেশাগত বা জীবিকাগত লাইসেন্স বাতিল করা; এবং
- অবৈষ্কাধীন বা কারাবাসের আদেশ ইস্যু করা।



## জীবন পরিবর্তিত হলে আপনার শিশু সহায়তাও পরিবর্তন হতে পারে

### আমার শুনানির সময় সশরীরে যেতে না পারলে কী হবে?

অনুরোধ করলে, পারিবারিক আদালত একটি শোনার ইলেকট্রনিক সাহায্য (যেমন টেলিফোন) দ্বারা একটি শুনানিতে উপস্থিত থাকার অনুমতি দিতে পারে। ইলেকট্রনিক সাহায্য কখনকার জন্য:

- শুনানিটি যেখানে হচ্ছে আপনি সেই দেশে, স্টেটে বা দেশের কাছাকাছি থাকেন না।
- চলাফেরা করার খুব অসুবিধা আছে।
- আপনি বন্দি।

টেলিফোন দ্বারা সাহায্য প্রমাণের অনুমতির জন্য অনুরোধ জানাতে আপনাকে অবশ্যই পারিবারিক আদালতের ফর্ম 4-24/5-16/UIFSA-10, ইলেকট্রনিক সাহায্য দেওয়ার আবেদন এবং নিজে উপস্থিত থাকার/সশরীরে উপস্থিতির থাকা থেকে ছাড় পাওয়া সম্পূর্ণ করতে হবে। আপনি আপনার সংশোধিত পিটিশন জমা করার সময় আপনাকে এই ফর্মটি জমা করতে হবে।

[childsupport.ny.gov](http://childsupport.ny.gov)

888-208-4485 (TTY 866-875-9975)



Office of Temporary  
and Disability Assistance

[otda.ny.gov](http://otda.ny.gov)

Pub-4960-BE (Rev. 10/16)



শিশু সহায়তা প্রদানকারী ননকাস্টোডিয়াল  
পেরেন্টদের জন্য একটি নির্দেশিকা

## শিশু সহায়তা এজেন্সি কি আমার বকেয়া অর্থের পরিমাণ পরিবর্তন করতে পারে?

না, শুধু একটি পারিবারিক আদালত, একটি সংশোধনের পিটিশনের উপর ভিত্তি করে, শিশু সহায়তার জন্য আপনাকে যে পরিমাণ অর্থ অবশ্যই প্রদান করতে হবে তা পরিবর্তন করতে পারেন। আপনার পরিস্থিতির কোনো পরিবর্তন হলে, যেমন অভিভাবকত্ব, আয়, কাজ করার ক্ষমতার কোনো পরিবর্তন হলে, আপনাকে পারিবারিক আদালতের কাছে একটি সংশোধনের পিটিশন জমা করতে হবে।

## কখন আমি একটি সংশোধনের জন্য যোগ্য হতে পারব?

আপনি একটি নিউইয়র্ক স্টেট শিশু সহায়তা আদেশের সংশোধনের জন্য যোগ্য হতে পারবেন যদি:

- কোনো এক পক্ষের মোট আয় 15% বা তার বেশি কমে বা বাড়ে;
- যদি আদেশটি লেখার বা শেষ বারের মতো সংশোধিত হওয়ার সময় তিন বছর বা তার বেশি হয়ে যায়;
- আপনার সন্তানের অভিভাবকত্ব পরিবর্তিত হয়েছে;
- আইন অনুযায়ী আপনার সন্তান শিশু সহায়তার আওতার বাইরে চলে গেছেন। উদাহরণস্বরূপ, তিনি পূর্ণ-কালীন চাকরি করেন, সেনাবাহিনীতে যোগ দিয়েছেন, বা বিবাহ করেছেন; বা
- যতক্ষণ না আপনি শিশু সহায়তার জন্য বা কাস্টোডিয়াল পেরেন্ট বা সন্তানটির বিরুদ্ধে একটি অপরাধের জন্য ছাড়া অন্য কারণে কারারুদ্ধ হলে।

## আমার সংশোধনের পিটিশনটি কখন জমা করা উচিত?

আপনার পরিস্থিতি পরিবর্তিত হওয়ার সাথে সাথে আপনাকে একটি সংশোধনের পিটিশন জমা করতে হবে। পারিবারিক আদালত একটি সংশোধনের অনুমোদন দিলে, শুধু আপনার পিটিশন জমা করার তারিখ থেকে তারা আপনার বকেয়া অর্থের পরিমাণ পরিবর্তন করতে পারবে, তবে যখন থেকে পরিবর্তনটি হয়েছে তখন থেকে নয়।



## আমি কিভাবে একটি সংশোধনের পিটিশন জমা দিবা?

জমা দেওয়ার অনেক উপায় আছে:

- যে পারিবারিক আদালত থেকে আপনার আদেশ জারি হয়েছে সেই আদালতে যান এবং একটি *সংশোধনের জন্য সহায়ক পিটিশন* ফর্ম (ফর্ম 4-11 হিসাবেও পরিচিত) সম্পূর্ণ করুন।
- যে পারিবারিক আদালত থেকে আপনার শিশু সহায়তার আদেশ জারি হয়েছে সেই আদালতে ফোন করুন এবং তাদেরকে *সংশোধনের জন্য সহায়ক পিটিশন* ফর্মটি আপনাকে ডাকে পাঠাতে বলুন। ফর্মটি পূরণ করে জমা দিন।
- [www.nycourts.gov/CourtHelp/DIY](http://www.nycourts.gov/CourtHelp/DIY)-তে আদালত প্রশাসনের কার্যালয়ের (Office of Court Administration) ওয়েবসাইটের DIY ফর্ম পৃষ্ঠায় যান।
  - প্রোগ্রামের অধীনের *সংশোধনের জন্য সহায়ক পিটিশন প্রোগ্রামে* ক্লিক করুন; এবং
  - নির্দেশাবলী অনুসরণ করুন।

যে পারিবারিক আদালত থেকে আপনার শিশু সহায়তার আদেশ জারি হয়েছে সেই আদালত আপনার ফর্মটি পাওয়ার পর, তারা একটি শুনানির তারিখ নির্ধারণ করবে, এবং মেল করে আপনাকে তারিখটি জানিয়ে দেওয়া হবে।

## আমার আদালতের শুনানির সময় আমাকে কী তথ্য নিয়ে আসতে হবে?

আপনাকে আদালতে নিম্নলিখিত নথিগুলি নিয়ে আসতে হবে:

- একটি স্বাক্ষরিত এবং নোটারি করা আর্থিক হলফনামা।
- সাম্প্রতিক বেতনের রশিদ (বা বেকার ভাতার চেকের রশিদ)।
- সর্বশেষ ফাইল করা স্টেট ও ফেডারেল আয়কর রিটার্ন।
- আপনার সর্বশেষ করের রিটার্নের সাথে জমা করা W-2।
- আপনি অভিভাবকত্বের একটি পরিবর্তন দাবি করলে অভিভাবকত্বের কাগজপত্র বা শিশুটির অভিভাবকত্ব প্রমাণ করতে তথ্য।
- আপনি যদি দাবি করেন যে শিশুটি সহায়তার আওতার বাইরে চলে গেছে, তাহলে আপনার সেই দাবি প্রমাণ করতে তথ্য।

আপনি টেলিফোনের মাধ্যমে সাক্ষ্যপ্রমাণ করলে আপনাকে আপনার শুনানির পূর্বে পারিবারিক আদালতের কাছে নথিগুলি ডাকযোগে বা ফ্যাক্স করে পাঠাতে হবে।

